"দূর্নীতি, মাদক ও সন্ত্রাসমুক্ত উন্নত দুমকী উপজেলা গঠন আমাদের অঙ্গীকার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**উপজেলা পরিষদ এর ০৫/০৩/১৬৯/৪৬ তম সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ **জনাব হারুন-অর-রশীদ হাওলাদার**
চেয়ারম্যান, দুমকী উপজেলা পরিষদ।
তারিখ ঃ ২১-১১-২০২২ খ্রিঃ।
সময় ঃ সোমবার, সকাল- ১০.০০ ঘঃ।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, দুমকী, পটুয়াখালী।
উপস্থিতি ঃ উপস্থিতি/অনুপস্থিতি পরিশিষ্ট 'ক' এবং পরিশিষ্ট 'খ'তে দেখানো হলো।

সভাপতি উপজেলা পরিষদের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয় উপজেলা নির্বাহী অফিসারকে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য বিষয়সহ নিম্নরূপ আলোচনা করেন ও নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বে |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী ১৬৮ (৪৫) তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকলে উহা দৃঢ়করণের প্রস্তাব করেন।<br>উপস্থিত উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে বিগত সভার সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য সকলে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ, দুমকী ১৬৮ (৪৫) তম সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত সমুহ কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার সিদ্ধান্ত সমূহ অনুমোদন দেওয়া হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দুমকী। |
| ০২ | অভ্যন্তরীন মেরামত ও উন্নয়ন। | উপজেলা প্রকৌশলী জানান যে, সভাপতি মহোদয়ের একান্ত প্রচেষ্টায় স্থানীয় সরকার বিভাগের ২৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখের স্মারক নং- ৫৬৮ এর আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে দুমকী উপজেলা পরিষদের নিরাপত্তা নিশ্চিতে জিআই তারের ফেন্সিবেড়া নির্মাণের নিমিত্তে ৩,২৮,৫১১/- (তিনলক্ষ আটাশ হাজার পাঁচশত এগার) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমতি পাওয়া গেছে। এটি বাস্তবায়নের নিমিত্তে সভায় উপস্থাপন করেন।<br>এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন, গত অর্থ বছরে উপজেলা পরিষদের দৃষ্টি নন্দন গেট নির্মাণ করা হয়েছে। কিন্তু উভয় দিকে বাউন্ডারী ওয়াল না থাকায় পরিষদের সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়নি। তাই অনুমোদিত অর্থ দিয়ে মেইন গেটের উভয় দিকের খোলা জায়গায় জিআই তারের ফেন্সিবেড়া নির্মাণের নিমিত্তে পিআইসি/আরএফকিউ পদ্ধতিতে দ্রুত বাস্তবায়নের প্রস্তাব করলে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।<br>তিনি আরও জানান যে, গেটের পশ্চিম দিকের নিচু জায়গাটি বর্তমানে কচুরীপানা ও ডেঙ্গুমশার প্রজনন ক্ষেত্র। সেটিও মাটি দ্বারা ভরাটকল্পে প্রাক্কলন প্রস্তুত করে প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। যা স্বল্প সময়ের মধ্যেই অনুমোদন পাওয়ার সম্ভাবনা রয়েছে। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে পশ্চিম দিকের ফেন্সিবেড়া নির্মাণ করা সম্ভব হবে।<br>উপস্থিত সদস্যগন জনস্বার্থে প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে দুমকী উপজেলা পরিষদের সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিতে জিআই তারের ফেন্সিবেড়া নির্মাণের জন্য পশ্চিম দিকের নীচু স্থান জরুরী ভিত্তিতে অনুমোদন প্রাপ্তির পর ভরাটের কাজ স্থানীয় অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মডেল মসজিদ। | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রায় ৩ বছর পূর্বে উপজেলা পরিষদ অভ্যন্তরে মডেল মসজিদ নির্মাণের কাজ ঠিকাদার প্রতিষ্ঠান শুরু করে কিন্তু অত্যন্ত দু:খের বিষয় গত বছর অজ্ঞাত কারণে নির্মাণ কাজ বন্ধ হয়ে যায়। বর্তমানে জেলা পরিষদ ডাকবাংলোর পার্শ্বে নির্মিত অস্থায়ী শেডে মুসুল্লী নামাজ আদায় করছে। অস্থায়ী শেডটিও ক্রমশ নরবড়ে হয়ে পড়ছে। এমতাবস্থায়, ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে বার বার মোবাইল ফোনে যোগাযোগ করা হলেও তারা নির্মাণ করা শুরু করছে না। এলাকাবাসী ও মুসুল্লীরা বিক্ষুব্ধ, সরকারের ভাবমূর্তী নষ্ট হচ্ছে। এ বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।<br>সভাপতি মহোদয় বলেন, বিষয়টি অত্যন্ত দু:খজনক। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে মডেল মসজিদ নির্মিত হচ্ছে। ইতিমধ্যে বিভিন্ন জেলা উপজেলায় মডেল মসজিদ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী প্রতিষ্ঠিত দুমকী উপজেলায় মডেল মসজিদ নির্মাণ কাজ বন্ধ রয়েছে বিষয়টি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে দ্রুত অবহিত করার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণের প্রস্তাব করেন।<br><br>উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | দুমকী উপজেলা মডেল মসজিদের নির্মাণ কাজ দ্রুত সম্পন্নের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় কর্তৃক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৪ | বিভাগ ভিত্তিক আলোচনা। | **১। উপজেলা কৃষি বিভাগঃ**<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা দেশের ১ ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে। সে আলোকে কৃষি মন্ত্রণালয় ও উপজেলা পরিষদ থেকে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। দুমকী উপজেলা পরিষদ থেকে বোরো এবং আমন চাষীদের জন্য পাওয়ার ট্রিলার প্রদান করা হয়েছে। ফলে বিগত বছরের তুলনায় চাষের পরিধি বেড়েছে এবং এ বছর বোরো আমন দ্বিগুন হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি আরো বলেন, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের উদ্যোগে বোরো চাষে উৎসাহিত করার জন্য পাওয়ার ট্রিলার, লোলিড পাম্প দেয়ায় ২৫ হেঃ হতে ১২০ হেঃ এখন ৩২০ হেঃ জমিতে বোরো চাষ হচ্ছে যা অভাবনীয় সফলতা। দুমকী উপজেলায় এ বছর তেল জাতীয় ফসল উৎপাদনের পাশাপাশি তরমুজের চাষের জন্য অনেক জায়গা নেয়া হয়েছে। তিনি শাকসবজি চাষে উদ্বুদ্ধ করতে কৃষকদের সার বীজ ক্রয়ে বিগত বছরের ন্যায় উপজেলা পরিষদ থেকে আর্থিক প্রণোদনা দেয়ার অনুরোধ জানান।<br>সভাপতি মহোদয় বলেন, সরকার ভর্তুকীতে পাওয়ার ট্রিলার, সিডার, হারভেস্টিং মেশিন দিচ্ছেন। এ বিষয় কৃষি কর্মকর্তাকে জরুরীভাবে ২০টি পাওয়ার ট্রিলারের প্রস্তাবনা আবেদনকৃত কৃষকদের মধ্য থেকে প্রেরণের জন্য বলেন। | কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে ভতুর্কীতে ২০টি পাওয়ার ট্রিলার প্রাপ্তির বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, দুমকী। |
| | | **২। উপজেলা প্রকৌশল বিভাগঃ**<br>(১) সভাপতি মহোদয় বলেন, এডিপি ২০২২-২০২৩ অর্থ বছরের চূড়ান্ত পর্যায়ের প্রকল্প বাছাই কমিটি কর্তৃক ডিসেম্বর মাসের মধ্যে সুপারিশ গ্রহণের প্রস্তাব করেন।<br>উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাব সমূহের সাথে একমত পোষন করেন।<br>(২) উপজেলাধীন খাল-পুকুর খনন প্রকল্প বরাদ্দ গ্রহণ এবং বাস্তবায়নের প্রস্তাব করেন। | (১) এডিপি ২০২২-২০২৩ অর্থ বছরের চূড়ান্ত পর্যায়ের প্রকল্প গ্রহণ করে বাছাই কমিটি কর্তৃক ডিসেম্বর মাসের মধ্যে সুপারিশ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দুমকী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাব সমূহের সাথে একমত পোষন করেন।<br>(৩) সভাপতি মহোদয় ননমিউনিসিপ্যাল বরাদ্দের মাধ্যমে উপজেলার বিভিন্ন স্থানে নিম্নবর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের প্রস্তাব করেন।<br>যথাঃ (১) মুরাদিয়া চরগরবদী লঞ্চঘাট সংলগ্ন পাবলিক টয়লেট নির্মাণ।<br>(২) মুরাদিয়া বোর্ড অফিস বাজার মসজিদ সংলগ্ন পাবলিক টয়লেট নির্মাণ।<br>(৩) দুমকী সাতানী কালভার্ট বাজার ও মসজিদ সংলগ্ন পাবলিক টয়লেট নির্মাণ।<br>(৪) পিরতলা বাজারের উত্তর মাথায় কসাই খানা নির্মাণ। | (২) উপজেলাধীন খাল-পুকুর খনন প্রকল্প বরাদ্দ গ্রহণ এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) ননমিউনিসিপ্যাল বরাদ্দের মাধ্যমে উপজেলার বিভিন্ন স্থানে নতুন পাবলিক টয়লেট, কসাইখানা নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **৩। উপজেলা শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা শিক্ষা বিভাগ সম্পর্কে সভাপতি মহোদয় বলেন, শিক্ষার মানোন্নয়নে আগামী ১০ তারিখ থেকে বিদ্যালয় ভিত্তিক মা-সমাবেশ অনুষ্ঠিত হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা অফিসারকে অনুরোধ জানান।<br><br>সভাপতি মহোদয় জানান যে, গত সভায় চলমান বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) হতে শিক্ষাখাত বিবেচনায় বিদ্যালয় ভিত্তিক বিনামূল্যে ডাইরী বিতরণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্প দ্রুত বাস্তবায়নের নিমিত্তে কার্যাদেশ প্রদান, ডাইরীর খসড়া অনুমোদন ও পাঠ্যপুস্তক দিবসে ডাইরী যাতে যথাসময়ে বিতরণ করা যায় এজন্য ৩ সদস্যের একটি কমিটি গঠন করা হয়।<br>(ক) উপজেলা শিক্ষা অফিসার, দুমকী<br>(খ) উপসহকারী প্রকৌশলী (এলজিইডি), দুমকী<br>(গ) উপজেলা পরিষদের সিএ, দুমকী।<br>ডাইরী প্রস্তুত ও বিতরণের নিমিত্তে গঠিত কমিটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | ১। শিক্ষার মানোন্নয়নে আগামী ১০ তারিখ থেকে বিদ্যালয় ভিত্তিক মা সমাবেশ অনুষ্ঠানের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ডাইরী প্রস্তুতের নিমিত্তে গঠিত কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br><br>৩। পাঠ্যপুস্তক দিবসে বিদ্যালয় ডাইরী যাতে বিতরণ করা যায় সে জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও খসড়া অনুমোদন করিয়ে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার। |
| | | **৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি কর্মসূচীর নাম পরিবর্তন করে ভিডব্লিউবি করা হয়েছে। চলমান বছরে ভিজিডি কর্মসূচী অনলাইন আবেদন আগামী ২০ নভেম্বর পর্যন্ত চলমান যা পুনঃরায় ২৫ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বিষয়টি সকলকে অবহিত করেন এবং আগামী ৩০ নভেম্বর এর মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন।<br>সভাপতি মহোদয় অনলাইন ভিজিডি আবেদনের ক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টার, তথ্য আপা এবং উপজেলা ডিজিটাল সেন্টার এর সহযোগিতা নেয়ার অনুরোধ জানান এবং একই সাথে তিনি মাননীয় প্রধানমন্ত্রীর নির্মিত আশ্রয়ন-২ প্রকল্প ও গুচ্ছগ্রাম প্রকল্পের গৃহে অবস্থানরতদের অগ্রাধিকার প্রদানের প্রস্তাব করেন।<br>উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | ১। ভিজিডি চক্রের অনলাইন তালিকা আগামী ৩০ নভেম্বর এর মধ্যে উপজেলা কমিটির নিকট দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। অনলাইনে ভিজিডি আবেদনের ক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টার, তথ্য আপা এবং উপজেলা ডিজিটাল সেন্টার এর সহযোগিতা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫। উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ<br>সভাপতি মহোদয় জানান যে, চলমান বছরে বরাদ্দকৃত গভীর নলকুপ দ্রুত স্থাপন করা না হলে বরাদ্দ চলে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তাই সংশ্লিষ্ট সকলকে স্বল্প সময়ের মধ্যে গভীর নলকুপের তালিকা জমাদানের অনুরোধ করেন।<br>এছাড়া জলবায়ুর অবশিষ্ট ১৮টি গভীর নলকুপ বসানোর কাজ চলমান রয়েছে। তিনি মানের বিষয়ে গুরুত্ব দেয়ার অনুরোধ জানান। | ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক গভীর নলকুপের তালিকা জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। গভীর নলকুপ স্থাপনে মান সঠিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৫ | বিবিধ-০১ | উপজেলা পরিষদের গোপনীয় সহকারী জানান যে, নভেম্বর ২০২২ মাসে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৩০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ও স্থায়ী কমিটির সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৮,০০০/- টাকা, আনুষঙ্গিক মালামাল ক্রয় বাবদ প্রতিমাসে ৫,০০০/- টাকা, ইন্টারনেট ব্যয় বাবদ প্রতিমাসে ১,০০০/- টাকার ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>উপজেলা পরিষদ অভ্যন্তরে সিসি ক্যামেরার পাওয়ার, কানেক্টর, চার্জার ও সভাকক্ষে মাল্টিপ্লাগ ইত্যাদি ক্রয় বাবদ ৬৯১০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>বর্ণিত বিল ভাউচার সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ভাউচারের ব্যয় সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং আলোচনায় বর্ণিত সকল ভাউচারের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে খাতওয়ারী পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(হারুন-অর-রশীদ হাওলাদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

স্মারক নং- ৪৬.০৪৬.৭৮৫৫.০০০.১৩.০৫৬.২১- ৫০০

তারিখ- ২১/১১/২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১১১, পটুয়াখালী-১
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
০৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৪। উপজেলা .......................................... অফিসার, দুমকী।
০৫। জনাব ............................................................................ দুমকী।
০৬। অফিস নথি।

২১/১১/২২
(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।